



খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ্র : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০৪.০২১.১৯. ১৮৮০

তারিখঃ- ১৪ আশ্বিন' ১৪২৬ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর' ২০১৯ খ্রিঃ

“২য় ব্যাচে রেগুলার ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণের নিমিত্তে আবেদনপত্র আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি”


সূত্রঃ স্মারক নং-২৭.১২.০০০০.০২৯.৫৬.৮১৯.১৯.১৫৩৪, তারিখঃ ০৩/০৬/২০১৯ খ্রিঃ।

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এর ভৌগলিক এলাকায় গ্রামীণ বাড়ী ঘর/দোকান/দাতব্য প্রতিষ্ঠান/শিল্প প্রতিষ্ঠান ইত্যাদি ওয়্যারিং কাজ করার যোগ্যতা অর্জনের জন্য এবং আগামী ২০২০ খ্রিঃ কে ‘মুজিব বর্ষ’ হিসেবে পালন উপলক্ষে বৈদ্যুতিক কর্মপেশায় দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে বেকার পুরুষ/মহিলাদের জন্য “রেগুলার ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ” কোর্সের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের উদ্দেশ্যে খুলনা জেলার বটিয়াঘাটা, দাকোপ, ডুমুরিয়া, পাইকগাছা, কয়রা ও তেরখাদা উপজেলা এবং রূপসা উপজেলার (আইচগাতি, শ্রীফলতলা ও ঘাটভোগ) ইউনিয়ন ও দিঘলিয়া উপজেলার (গাজিরহাট ও বারাকপুর) ইউনিয়ন এর স্থায়ীভাবে বসবাসকারী আগ্রহী পুরুষ/মহিলা প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- আবেদনকারীকে এসএসসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- বাড়ী ঘর ওয়্যারিং করার প্রয়োজনীয় টুলস ক্রয়ের সামর্থ্য থাকতে হবে।
- নির্বাচিত প্রার্থীকে সমিতির সদর দপ্তরে অনুষ্ঠিতব্য ৬০ (ষাট) দিনের একটি “রেগুলার ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ” কোর্সে অংশগ্রহণ করতে হবে।
- তাত্ত্বিক ও ব্যবহারিক প্রশিক্ষণের পর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/বিদ্যুৎ বিভাগ কর্তৃক পরীক্ষা গ্রহণ করা হবে। উভয় পরীক্ষায় কৃতকার্য প্রার্থীকে সনদ পত্র প্রদান করা হবে।
- সমিতির গ্রাহকদের চাহিদামত ওয়্যারিং করার পর সমিতির নির্ধারিত রেটে স্ব-স্ব গ্রাহকের নিকট হতে ইলেকট্রিশিয়ানগণ মজুরী প্রাপ্ত হবেন।
- প্রশিক্ষণ চলাকালীন সময়ে নিজ খরচে থাকা ও খাওয়ার ব্যবস্থা করতে হবে (তবে অফিস কর্তৃক পূর্বাহ্নের নাস্তা, দুপুরের খাবার ও বিকালের নাস্তা সরবরাহ করা হবে) এবং প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সমিতি কর্তৃক কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আগ্রহী প্রার্থীদের নিকট হতে কোন কোর্স ফি গ্রহণ করা হবে না।
- ভিলেজ ইলেকট্রিশিয়ানগণ সমিতির কর্মচারী নন বিধায় সমিতি হতে কোন প্রকার বেতন/ভাতাদি পাবেন না।
- প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

উল্লিখিত শর্তাবলী প্রতিপালন পূর্বক প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী প্রার্থীদের নিকট হতে সাদা কাগজে নিজের নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ/জন্ম সনদ, অভিজ্ঞতা (যদি থাকে) ও মোবাইল নম্বর উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। আবেদনের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদ পত্রের অনুলিপি, সাম্প্রতিক কালের তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হতে জাতীয়তা সনদ/জন্ম সনদ, চারিত্রিক সনদপত্রসহ আবেদনপত্র আগামী ২০/১০/২০১৯ খ্রিঃ তারিখ রবিবার বেলা ০৪:০০ ঘটিকার মধ্যে ডাকযোগে অথবা সরাসরি উপস্থিত হয়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনায়) প্রেরণ করতে হবে। খামের উপরের দিকে “রেগুলার ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ” কথাটি লিখতে হবে। বিলম্বে প্রাপ্ত ও অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আগামী ২৬/১০/২০১৯ খ্রিঃ তারিখ শনিবার সকাল ০৯:০০ ঘটিকায় খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে সকল মূল কাগজপত্রাদিসহ উপস্থিত হয়ে প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় যারা উত্তীর্ণ হবেন কেবলমাত্র তাদেরকেই প্রশিক্ষণের জন্য প্যানেলডুক্ত করা হবে।


(মোহাম্মদ রেজায়েত আলী)
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)

অনুলিপিঃ- (বেহল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ।)

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর/প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, খুলনা।

- ০৪। উপজেলা চেয়ারম্যান-বটিয়াঘাটা, দাকোপ, ডুমুরিয়া, পাইকগাছা, কয়রা, তেরখাদা, রুপসা ও দিঘলিয়া উপজেলা।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার-বটিয়াঘাটা, দাকোপ, ডুমুরিয়া, পাইকগাছা, কয়রা, তেরখাদা, রুপসা ও দিঘলিয়া উপজেলা।
- ০৬। সভাপতি, সমিতি বোর্ড, খুলনা পবিস।
- ০৭। অধ্যক্ষ,.....কলেজ।
- ০৮। মেয়র,.....পৌরসভা।
- ০৯।এলাকা পরিচালক/মহিলা পরিচালক, খুলনা পবিস।
- ১০। ডিজিএম-(সদর দপ্তর-কারিগরী)/পাইকগাছা/সেনেরবাজার/ডুমুরিয়া জোনাল অফিস, খুলনা পবিস।
- ১১। এজিএম-(প্রশাসন/অর্থ/এমএস/ওএসএম), খুলনা পবিস।
- ১২। চেয়ারম্যান,.....ইউপিঃ....., উপজেলাঃ.....,জেলাঃ খুলনা।
- ১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), খুলনা পবিস-(ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ১৪। নোটিশ বোর্ড, খুলনা পবিস।
- ১৫। অফিস/মাষ্টার কপি।

হুমায়ুন

জেনারেল ম্যানেজার (অঃদাঃ)
খুলনা পবিস।